



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৪৯

বিদেশিদের কাছে ধর্না দিয়ে বিএনপির লাভ হবে না

--- খাদ্যমন্ত্রী

রাজশাহী; ২১ ভাদ্র (৫ সেপ্টেম্বর):

বিদেশিদের কাছে ধর্না দিয়ে বিএনপির লাভ হবে না বলে মন্তব্য করেছেন খাদ্যমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা সাধন চন্দ্র মজুমদার।

আজ মঙ্গলবার বিকালে নিয়ামতপুরের বীর জোয়ান উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে স্মার্ট বাংলাদেশ বিনির্মানে উন্নয়ন ও শান্তি সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

সাধন চন্দ্র মজুমদার বলেন, যে উন্নয়নকে ভালবাসবে সে শেখ হাসিনার পক্ষে সমর্থন জানাবে। বিএনপির সমালোচনা করে তিনি বলেন, বিএনপির নেতৃত্বের শক্ত ভিত (অবস্থান) নেই। তাদের দ্বারা দেশের কোনো উন্নয়ন হয়নি। তাদের দিয়ে উন্নয়ন সম্ভবও নয়।

এ সময় বিএনপি নেতাদের ভোট চাওয়ার মুখ নেই উল্লেখ করেন তিনি বলেন, জনগণই সকল শক্তির মূল। বিদেশিদের কাছে ধর্না দিয়ে লাভ হবে না। মহান স্বাধীনতা যুদ্ধের সময়েও কোনো কোনো পরাশক্তি আমাদের স্বাধীনতার বিরোধিতা করে সফল হয়নি।

খাদ্যমন্ত্রী বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৭ মার্চ ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে স্বাধীনতার ডাক দিয়েছিলেন। সেই ডাকে দল-মত-ধর্ম-বর্ণ নির্বিশেষে মানুষ স্বাধীনতার জন্য বঙ্গবন্ধুর নেতৃত্বে একতাবদ্ধ হয়। অর্জিত হয় কাঞ্চিত স্বাধীনতা। তার সুযোগ্য কল্যান দেশের জন্য নিরলস কাজ করে যাচ্ছেন। দেশকে করেছেন বিশ্বের কাছে উন্নয়নের রোল মডেল।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন নিয়ামতপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান ফরিদ আহমেদ, মহিলা ভাইস চেয়ারম্যান নাদিরা বেগম, নিয়ামতপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবুল কালাম আজাদ, সাধারণ সম্পাদক জাহিদ হাসান বিপুব। সভাপতিত্ব করেন পাড়িল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সৈয়দ মুজিব গেন্দা।

.....

কামাল/সিকান্দার/রঞ্জল/২০২৩/১৬.০০ঘ.